

কর্মণ্ডর জরিপের একটি তুলনা করা সম্ভব হয়। প্রতিটি প্রকল্পের বর্ণনাসহ যথাযথ সাইজের সাইনবোর্ড দৃশ্যমান স্থানে স্থাপন বাধ্যতামূলক করতে হবে।

- ০৭। নির্ধারিত সময়সীমার মধ্যে কাজ সম্পন্ন না হলে প্রকল্প বাতিল করে দেয়া এবং দায়ী ব্যক্তিগনকে চিহ্নিত করে বরাদ্দকৃত নগদ অর্থ (টাকা) ফেরৎ নেয়াসহ দেশের প্রচলিত আইন/বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ০৮। প্রকল্প সুষ্ঠুভাবে বাস্তবায়নে সরকারি কর্মকর্তাদের পাশাপাশি জনপ্রতিনিধিদের তদারকি/জবাবদিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট তা দৃশ্যমান করতে হবে।
- ০৯। বাস্তবায়নাধীন প্রকল্প এলাকার (ইউনিয়ন/পৌরসভা) নির্বাচিত সদস্য/ কাউন্সিলরকে প্রকল্পের সভাপতি করার ক্ষেত্রে অগ্রাধিকার দিতে হবে।
- ১০। বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের ন্যায় মসজিদ, মন্দির রক্ষনাবেক্ষণ উন্নয়ন প্রকল্পে ইমাম/ পুরোহিতকে পিআইসির সভাপতি করতে হবে।
- ১১। বরাদ্দপ্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে P.I.C গঠনসহ আনুসাংগিক কাজ সম্পূর্ণ করে প্রকল্প কাজ শুরু নিশ্চিত করা। অব্যয়িত নগদ অর্থ (টাকা) যথাসময়ে ফেরৎ প্রদান নিশ্চিত করতে হবে।
- ১২। নতুনভাবে তৈরিকৃত/ সংস্কারকৃত গ্রামীন রাস্তার দুইপার্শ্বে স্থানীয় কৃষিবিভাগের পরামর্শ ক্রমে তালগাছের চারা রোপন কার্যক্রম অন্তর্ভুক্ত করতে হবে।
- ১৩। বজ্রপাত নিরোধক বজ্র নিরোধক দণ্ড/যন্ত্র (Lightning Arrester) এবং ছাউনি স্থাপন প্রকল্প গ্রহণ করা যাবে।
- ১৪। জনগুরুত্বপূর্ণ বিভিন্ন সরকারী প্রতিষ্ঠান, শিক্ষা/ধর্মীয় ও সামাজিক প্রতিষ্ঠান এবং জনবহুল স্থানে জনসাধারণের জানমালসহ সার্বিক নিরাপত্তা সরকারী সম্পদ রক্ষার্থে ব্লোজড সার্কিট ক্যামেরা স্থাপন করতে হবে।
- ১৫। গৃহীত/প্রস্তাবিত প্রকল্প সরেজমিনে পরিদর্শন করে বরাদ্দকৃত নগদ অর্থ (টাকা) ছাড় করতে হবে।
- ১৬। প্রকল্প বাস্তবায়নের মাসিক অগ্রগতির প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।
- ১৭। নিরীক্ষার জন্য যথাযথ হিসাব মাষ্টাররোল ও প্রয়োজনীয় কাগজ পত্র সংরক্ষণ করতে হবে।


এতে জেলা প্রশাসক মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

উপজেলা নির্বাহী অফিসার
কলাপাড়া/ দুমকি/ বাউফল/ দশমিনা
গলাচিপা/মির্জাগঞ্জ/রাস্তাবালী/সদর,পটুয়াখালী।

স্মারক নং ৫১.০১.৭৮০০.০০০.৪১.০১৪.২০-২ (৫)



অনুলিপি ৪ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ০১। উপ-পরিচালক (কাবিখা-২), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ০২। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, পটুয়াখালী।
- ০৩। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, কলাপাড়া/ দুমকি/ বাউফল/ দশমিনা
গলাচিপা/মির্জাগঞ্জ/রাস্তাবালী/সদর, পটুয়াখালী।
- ০৪। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কলাপাড়া/ দুমকি/ বাউফল/ দশমিনা
গলাচিপা/মির্জাগঞ্জ/রাস্তাবালী/সদর, পটুয়াখালী।
- ০৫। অফিস কপি/ মাস্টার ফাইল।


০১.০১.২২
রনজিৎ কুমার সরকার
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
পটুয়াখালী।
মোবাইল নং ০১৭২৮৪৬৭৬২৭


০১/০১/২২

তারিখ. /০১/২০২২ খ্রি.।


০১.০১.২২
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
পটুয়াখালী।

০১/০১/২২